# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৯০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হাওযে কাওসার ও শাফাআতের বর্ণনা

الفصل الاول (بَاب الْحَوْض والشفاعة )

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ أَحَدٌ الْجَنَّةَ إِلَّا أُرِيَ مَقْعَدَهُ مِنَ النَّارِ لَوْ أَسَاءَ لِيَزْدَادَ شُكْرًا وَلَا يَدْخُلُ النَّارَ أَحَدٌ إِلَّا أُرِيَ مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ لَوْ أَحْسَنَ لِيَكُونَ عَلَيْهِ حسرة» . رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (6569) ـ

(صَحِيح)

বাংলা

৫৫৯০-[২৫] আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কোন লোকই জান্নাতে প্রবেশ করবে না যে অবধি না অপরাধ করলে জাহান্নামে তার যে স্থান হত, তা তাকে দেখানো হয়, যাতে সে অধিক কৃতজ্ঞ হয়। আর কোন জাহান্নামীকে জাহান্নামে প্রবেশ করানো হবে না যে পর্যন্ত ভালো কাজ করলে জান্নাতে তার যে স্থান হত, তা তাকে দেখানো না হয়, যেন তার আফসোস ও অনুশোচনা বৃদ্ধি পায়। (বুখারী)

ফুটনোট

সহীহঃ বুখারী ৬৫৬৯, মুসনাদে আহমাদ ১০৯৯৩, সহীহুল জামি ৭৬৬৮, সিলসিলাতুস সহীহাহ ২২৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে কেউই জান্নাতে অথবা জাহান্নামে প্রবেশ করুক না কেন তাকে তার বিপরীত কর্মের প্রতিফল হিসেবে সম্ভাবনাযুক্ত বিপরীত অবস্থানটিও দেখানো হবে। অর্থাৎ জান্নাতী ব্যক্তিকে খারাপ আমল করলে জাহান্নামে কোথায়

তার ঠিকানা হত তা দেখানো হবে, অনুরূপ জাহান্নামী ব্যক্তি যদি ভালো আমল করত তাহলে জান্নাতে তার কোথায় ঠিকানা হত তাকে তা দেখানো হবে।
এই দেখানো কখন হবে? ইবনু মাজাহ প্রমুখাৎ বিশুদ্ধ সনদে আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন, এটা কবরে সওয়াল জওয়াবকালে দেখানো হবে। কবর থেকে জাহান্নামের দিকে সুড়ঙ্গ সৃষ্টি করা হবে এবং সে ঐ সুড়ঙ্গ দিয়ে জাহান্নাম অথবা জান্নাতের ঠিকানা দেখবে। এটা মু'মিনকে দেখানো হবে এজন্যে যে, মুমিন যেন অধিক হারে আল্লাহর শুকরিয়া আদায় করতে পারে আর কাফির মুশরিক অথবা পাপীদের জন্য অধিক লজ্জা ও আফসোসের কারণ হয়। আর হাদীসের প্রকাশ্য অর্থ দ্বারা বুঝা যায় যে, এই দেখানো হাশরে হবে। (মিরক্বাতুল মাফাতীহ, ফাতহুল বারী ১১ খণ্ড, ৫০০ পৃ., হা. ৬৫৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন